দৈনিক
আমাদের সময়

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ২ কলাম ২

# আজ জবির ভর্তি পরীক্ষা

**লতিফুল ইসলাম, জবি প্রতিনিধি ●** জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে সক্রিয় হয়ে উঠছে জালিয়াত চক্র। চক্রটি ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে প্রতিবছর। আজ শুক্রবার বিকাল ৩টায় ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'সি' ইউনিটের মাধ্যমে জবির ভর্তি পরীক্ষা শুরু হবে। ২০ অক্টোবর সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের মাধ্যমে শেষ হবে।